



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৬৮৭/ক/অনু:/২০১৫/৩২৬

তারিখ: ২২/০২/১৮

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর উত্তরায় অবস্থিত 'ন্যাশনাল পাবলিক কলেজ' নিয়ে গত ০৯/০৬/২০১৮ তারিখ রাত ১০.৩০ টায় মাছরাঙা টেলিভিশনের "অনুসন্ধান" অনুষ্ঠানে প্রচারিত "টাকার বিনিময়ে জিপিএ-৫ বিক্রি" শিরোনামে প্রচারিত সংবাদের সত্যতা ও অভিযোগ তদন্তে একটি তদন্ত কমিটি গঠিত হয়।

তদন্তে 'ন্যাশনাল পাবলিক কলেজ' এর কথিত চেয়ারম্যান জনাব আব্দুল মতিন শিক্ষার্থী/অভিভাবকদের কাছ থেকে জিপিএ বাড়িয়ে দেয়ার প্রলোভন দেখিয়ে অর্থ গ্রহণ করেন ভিডিও চিত্রের মাধ্যমে এর সত্যতা প্রমাণিত হয়েছে।

এছাড়া তিনি-

১. শিক্ষকদের কোন নিয়োগপত্র দেখাতে পারেননি।
২. কলেজে কোন ল্যাবরেটরী এবং গ্রন্থাগার পরিলক্ষিত হয়নি।
৩. কথিত চেয়ারম্যান জনাব আব্দুল মতিনের স্ত্রী উক্ত কলেজের একজন শিক্ষক পরিচয় দিলেও কোন দালিলিক প্রমাণ দেখাতে পারেনি। অথচ তিনি প্রতারণার মাধ্যমে বাংলা বিষয়ে ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক হয়েছিলেন। কাজেই তাকে অধ্যক্ষের পদ থেকে কেন অপসারণ করা হবেনা এবং উক্ত কলেজের পাঠদানের অনুমতি বাতিল করা হবেনা তা পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপযুক্ত কারণ ব্যাখ্যা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বীঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

ন্যাশনাল পাবলিক কলেজ [EIIN: 137667]

বাড়ি-২৪, রোড-৩/এফ, সেক্টর-৯


উত্তরা, ঢাকা

মেমো নং-৩২৬(৬)

তারিখ: ২২/০২/১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। পি.এস.টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সভাপতি, 'ন্যাশনাল পাবলিক কলেজ', উত্তরা, ঢাকা
- ৬। অফিস কপি



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা